

স্মারক নং-৩৩.০১.০০০০.১১০.০২.০২৬.১৫- ২৭২  
প্রাপক,

তারিখঃ- ০৫/০৩/২০২০ ইং

ACI Godrej Agrovet Private Ltd,  
245 Tejgoen Industrial Area, ACI Centre  
Dhaka-1208.

(খামপরঃ কাজীরহাট, অমরখানা, পঞ্চগড় সদর, পঞ্চগড়)।

বিষয়ঃ- **Sri Lanka** হতে একদিন বয়সী **Indian River Meat Parent Broiler** জাতের মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান  
প্রসঙ্গে

সূত্রঃ মহা-ব্যবস্থাপক, ACI Godrej Agrovet Private Ltd এর ২৪/০২/২০২০ ইং তারিখের পত্র।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে **Sri Lanka** হতে একদিন বয়সের **Indian River Meat Parent Broiler** জাতের সর্বমোট= ১১,৩০৫ (এগার হাজার তিনশত পাঁচ) টি একদিন বয়সী মুরগির বাচ্চা নিম্ন বর্ণিত শর্তে আগামী ০৫/০৬/২০২০ ইং তারিখের মধ্যে আমদানির অনুমতি প্রদান করা হলো।

#### শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এই মর্মে রপ্তানীকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর/রাষ্ট্রীয় কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এই আমদানীর মেয়াদ আগামী ০৫/০৬/২০২০ ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে
- ৫। বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানীর পর রপ্তানি কারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এল.সি.র কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানী কারক দেশে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যেকোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবে।
- ৯। সরকারী নিষ্পত্তি মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। আমদানি নীতিমালার সকল বিধি বিধান প্রযোজ্য হবে।



০৫/০৩/২০২০

০৫/০৩/২০২০

(ডঃ পল্লব কুমার দত্ত)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

পক্ষে-মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

Tel. 880-02-9115936

E-mail: adtraining.dls@gmail.com

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ-

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
  - ২। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
  - ৩। পি এস ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।
  - ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। হ্যাচারী পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
  - ৫। কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। মোবাইল- ০১৯৭০৫০৬৮২৪
  - ৬। আইসিটি অফিসার, আইসিটি সেকশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলঃ-
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
  ২. যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  ৩. অফিস কপি